



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: precs@dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৪২৬

তারিখঃ ১৪/৫/২০০৬


সংবাদ বিজ্ঞপ্তি

সিইসি- সাক্ষাতঃ

অস্ট্রেলিয়ান ইলেক্টোরাল কমিশনের অধীনস্থ ইলেক্টোরাল ট্রেনিং ইনস্টিটিউট এবং বাংলাদেশ নির্বাচন কমিশনের অধীনস্থ ইলেক্টোরাল ট্রেনিং ইনস্টিটিউটের মধ্যে একটি যৌথ কার্যক্রম পরিচালনার সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য আজ প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি জনাব এম, এ, আজিজ-এর সাথে অস্ট্রেলিয়ান ডেপুটি হাইকমিশনার Richard Rodgers এবং অস্ট্রেলিয়ান ইলেক্টোরাল কমিশনের প্রতিনিধি Ross Attrill এক সাক্ষাতে মিলিত হন।

এ সময় তাঁরা নির্বাচন, নির্বাচনী প্রশিক্ষণ ও নির্বাচনী ব্যবস্থাপনা সহ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। অস্ট্রেলিয়ান ইলেক্টোরাল ট্রেনিং ইনস্টিটিউট এবং ইলেক্টোরাল টেনিং ইনস্টিটিউট, বাংলাদেশ এর বিভিন্ন কার্যক্রমের তথ্য আদান-প্রদান সহ গণতন্ত্র, সুশাসন এবং নির্বাচন বিষয়ে “ব্রীজ” কর্মসূচীর আওতায় কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়।

প্রধান নির্বাচন কমিশনারের অফিস কক্ষে অনুষ্ঠিত এ সাক্ষাত অনুষ্ঠানে নির্বাচন কমিশনার বিচারপতি জনাব মাহফুজুর রহমান, নির্বাচন কমিশনার জনাব স ম জাকারিয়া, নির্বাচন কমিশন সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত সচিব জনাব মোহাম্মদ জকরিয়া উপস্থিত ছিলেন।


১৪.৫.০৬
(এস এম আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)
ফোন : ৮১১৪১৭৬
বাসা : ৮০৫৩৪৭৬